ছেলে হোক মেয়ে হোক, দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নবগ্রাম রোড
ঝালকাঠি
fpo.jhalakathi.gov.bd

**স্মারক নম্বর:** ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.৪০

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: নলছিটি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং উপজেলাধীন কয়েকটি সেবা কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন।**

গত ১৪/০২/২০২৩ খ্রি. তারিখে নলছিটি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং উক্ত কার্যালয়াধীন কয়েকটি সেবা কেন্দ্র পরিদর্শন করা হয়। দপদপিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্র পরিদর্শন করে ফার্মাসিস্টকে অনুপস্থিত পাওয়া যায়। কেন্দ্রে অনুষ্ঠিত পাক্ষিক সভায় কার্যক্রমের ডিজিটাইজেশন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। সংশ্লিষ্ট FWV কে কর্মস্থলে অবস্থানপূর্বক সেবা প্রদানের পরামর্শ প্রদান করা হয়। NVD সেবা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষ ভূমিকা পালন করার পরামর্শ প্রদান করা হয়। কেন্দ্রের ডরমিটরিতে পৃথক বিদ্যুতের মিটার সংযোগ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য UFPO/MOMCH-FP কে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। এছাড়া দপদপিয়া UH&FWC পরিদর্শন করে সেবা কেন্দ্রটি বন্ধ পাওয়া যায়। ইতোপূর্বে সেখানে পরিদর্শন করে মাত্রাতিরিক্ত Short dated ঔষধপত্র পাওয়া যায়। কেন্দ্রটি বন্ধ থাকায় ব্যবস্থাপনার অগ্রগতি পর্যালোচনা সম্ভব হয়নি। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেয়া প্রয়োজন। সেদ্ধকাঠি UH&FWC পরিদর্শন করে FWV এর বিভিন্ন রেজিস্টার পর্যালোচনা করে তথ্যের অসংগতি পাওয়া যায়। ৮/০৯/২০২২ তারিখের পরে কোন IUD সম্পাদনের তথ্য নেই। অন্যান্য রেজিস্টারের সাথে সেবা সংক্রান্ত তথ্যের মিল পাওয়া যায়নি। ঔষধের ICR সংরক্ষনের কোন তথ্য পাওয়া যায়নি। ANC রেজিস্টারে সর্বশেষ ২০/০৪/২০২২ খ্রি. তারিখের সেবা প্রদানের তথ্য রয়েছে। পদ্ধতি বিষয়ক কম্বাইন্ড রেজিস্টারে সর্বশেষ ২৬/০১/২০২৩ খ্রি. তারিখের সেবা প্রদানের তথ্য এন্ট্রি করা হয়েছে। স্যাটেলাইট রেজিস্টারে ২৪/০৮/২০২২ থেকে ২/১১/২০২২ তারিখের সেবা প্রদানের গ্যাপ পরিলক্ষিত হয়। কোন মাসেই ৮টি স্যাটেলাইট এর সেবা তথ্য এন্ট্রি নেই। তবে উপজেলা কার্যালয় থেকে তথ্য নিয়ে দেখা গিয়েছে উল্লেখিত সময়ের প্রতি মাসেই ৮টি স্যাটেলাইটের বিল প্রদান করা হয়েছে। হাজিরা রেজিস্টারে ০১-০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে উপস্থিত দেখা যায়। আবার অফিসে দেখা যায় ০১/০২/২০২৩ খ্রি তারিখ থেকে ১ মাসের মেডিকেল ছুটি মঞ্জুর করা হয়েছে। জানুয়ারি মাসের ১৪/০১/২০২৩ খ্রি. তারিখ থেকে ১৮/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি প্রদান করা হয়েছে। হাজিরা খাতায় উপস্থিতির সাথে সেবা প্রদানের রেজিস্টারে সেবা তথ্যের অমিল পরিলক্ষিত হয়। স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের যথাযথ তথ্যও পাওয়া যায়নি। কেন্দ্রের স্টোরটি তালাবদ্ধ পাওয়া যায়। SACMO এর নিকট চাবি পাওয়া যায়নি। স্টোরের খোলা জানালা থেকে দেখা যায় স্টোর সংরক্ষণে অযত্ন রয়েছে। প্রচুর পরিমাণ মায়ের ব্যাংক জমা রয়েছে প্রত্যক্ষ করা যায়। অন্যান্য ঔষধ/এমএসআর থাকার সম্ভাবনা রয়েছে। স্টোরটি অনতিবিলম্বে Inventory করা এবং সংশ্লিষ্ট FWV এর কার্যক্রম তদন্ত করার যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য UFPO/MOMCH-FP কে অনুরোধ জানানো হয়। উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের স্টোরে Short dated ঔষধ/এমএসআর রয়েছে। যা FEFO পলিসি অনুসরণ করে সরবরাহের উদ্যোগ গ্রহণের পরামর্শ প্রদান করা হয়। সার্বিকভাবে উক্তে উপজেলায় সেবা কার্যক্রম বৃদ্ধির জন্য সুপারভিশন/মনিটরিং এর আরো বৃদ্ধির প্রয়োজনীয়তা রয়েছে।

১৬-০২-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক
০১৭২০১৫৫৫৯১
isshahidi2009@gmail.com

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি), নলছিটি, ঝালকাঠি।।

**স্মারক নম্বর:** ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.৪০ /১ (১)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।।

১৬-০২-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক